**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**পাইকগাছা , খুলনা।**
www.paikgasa.khulna.gov.bd

তারিখঃ ০৩ কার্তিক ১৪২৯ বঃ
১৯ অক্টোবর ২০২২ খ্রিঃ

স্মারক নংঃ ০৫.৪৪.৪৭৬৪.০০১.২৩.০১৬.২২.৮৬২

## ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ মোতাবেক খুলনা জেলাধীন পাইকগাছা উপজেলার নিম্নোক্ত ইউনিয়নসমূহে মহল্লাদার পদে চাকুরীতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ০৯/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে পৌছাতে হবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের নাম | শুন্য ওয়ার্ডের নাম | শুন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | লতা ইউনিয়ন | মহল্লাদার | ৬,৮ | ০২ | **পদের নাম ঃ মহল্লাদার**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>বয়স ঃ প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে (২৫/০৩/২০২০ তারিখে)।<br>বিঃদ্রঃ- মহল্লাদার পদের জন্য বেতন ভাতাদি সরকারি বিধি মোতাবেক প্রাপ্য । |
| ২. | দেলুটি ইউনিয়ন | মহল্লাদার | ৩,৬ | ০২ | |
| ৩. | সোলাদানা ইউনিয়ন | মহল্লাদার | ২,৫,৮,৯ | ০৪ | |
| ৪. | গদাইপুর ইউনিয়ন | মহল্লাদার | ৩,৮ | ০২ | |
| ৫. | রাড়ুলী ইউনিয়ন | মহল্লাদার | ৬,৭,৮,৯ | ০৪ | |
| ৬. | গড়ইখালী ইউনিয়ন | মহল্লাদার | ৬,৯ | ০২ | |
| | | | | মোট ১৬ টি | |

**আবেদন সংক্রান্ত শর্তাবলী :**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খুলনা জেলার পাইকগাছা উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র ডাকযোগে অথবা হাতে হাতে আগামী ০৯/১১/২০২২ খ্রি.তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। আবেদনকারীকে নিজ ইউনিয়নের শূণ্য পদের বিপরীতে মহল্লাদার পদের জন্য বন্ধ খামে আবেদন করতে হবে। খামের উপর পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ডের নাম লিখতে হবে ।

৩। স্বহস্তে লিখিত আবেদনে প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ (জন্মসনদ দৃষ্টে), শিক্ষাগত যোগ্যতার বিবরণ, আইডি নম্বর,নিজ জেলা, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শারীরিক যোগ্যতার পরিমাপ, কোটা ইত্যাদি উল্লেখপূর্বক আবেদনপত্র লিখতে হবে।

৪। আবেদনপত্রের সংগে প্রার্থীর সদ্য তোলা ০২(দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের ল্যাব কর্তৃক তোলা ছবি, সংশ্লিষ্ট ইউ পি চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদপত্র, অনলাইনের জন্ম নিবন্ধনের কপি অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং নাম সম্বলিত সীল ব্যবহার করতে হবে। মূল চারিত্রিক সনদপত্র এবং A4 সাইজের কাগজে প্রার্থীর পরপর ০৩টি স্বাক্ষর যা সংশ্লিষ্ট ইউ পি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সংগে দাখিল করতে হবে। পরীক্ষার দিন সকল কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে।

৫। ২৫/০৩/২০২০খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান হলে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর ।

৬। সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। ঐ দিন কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৭। সরকার কর্তৃক জারীকৃত সকল কোটা নীতি অনুসরণ করা হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শুন্য পদে লোক নিয়োগ করা হবে।

৯। আবেদনকারীর পিতা/ মাতা গ্রাম পুলিশ (দফাদার/ মহল্লাদার) পদে চাকুরীরত থাকলে/ চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করে থাকলে বা অবসরে গেলে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট থেকে প্রত্যয়নপত্র আবেদনের সংগে দাখিল করতে হবে।

১১। শুন্য পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের আবেদনকারীগণ এবং মৃত: অথবা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

১২। কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীগণকে পুলিশ ভেরিফিকেশন সার্টিফিকেট দাখিল ও স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে।

মমতাজ বেগম

১৩। শারীরিক যোগ্যতা ঃ

**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে**

| উচ্চতা | বুকের মাপ | | ওজন |
|---|---|---|---|
| সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি | স্বাভাবিক- ৩০ ইঞ্চি | সম্প্রসারণ-৩২ ইঞ্চি | সর্ব নিম্ন ওজন ৫০ কেজি |

**মহিলা প্রার্থীর ক্ষেত্রে**

| উচ্চতা | বুকের মাপ | | ওজন |
|---|---|---|---|
| সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট | স্বাভাবিক- ২৮ ইঞ্চি | সম্প্রসারণ-৩০ ইঞ্চি | সর্ব নিম্ন ওজন ৪৫ কেজি |

১৪। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/ টাকার ডাকটিকেটযুক্ত ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে বা পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় প্রার্থীদের নিম্নবর্ণিত ছকে তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত ছায়ালিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | বীর মুক্তিযোদ্ধার নাম | বীর মুক্তিযোদ্ধার পিতার নাম | বীর মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদ, মৃতের জন্য মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

১৬। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ/ ঘষামাজা/ বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৭। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/১০/২০২২

( মমতাজ বেগম )
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।
ফোন : ০২৪৭৭৭-৩১৬০৬
unopaikgacha@mopa.gov.bd

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :**

০১। জেলা প্রশাসক, খুলনা
০২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, খুলনা
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা
০৪। মেয়র ,পাইকগাছা পৌরসভা, খুলনা

**অনুলিপি কার্যার্থে প্রেরিত হলোঃ-ঃ**

১। সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, খুলনা
২। অফিসার ইনচার্জ, পাইকগাছা থানা।
৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পাইকগাছা
৪। উপজেলা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা
৫। চেয়ারম্যান, ইউ পি(সকল) , পাইকগাছা, খুলনা।তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদ ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাটবাজারে বহুল প্রচারের ব্যবস্থা করানোর জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস নথি ও নোটিশ বোর্ড ।

২৯/১০/২০২২

( মমতাজ বেগম )
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।